BANGLADESH VOLLEYBALL FEDERATION
বাংলাদেশ ভলিবল ফেডারেশন

স্মারক ১০১.৫/(প্রশাঃ)/১১/২০২৬/পিসি-৩/১৭৩০৮৭৫ তারিখঃ ০১/১০/২০২৬।

বিজ্ঞপ্তি

বরাবর

ঢাকা মহানগরীর আগ্রহী ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ

বিষয়: **ঢাকা মহানগরী ২য় বিভাগ ভলিবল লীগের বাছাইপর্বে অংশগ্রহণের জন্য আবেদন দাখিলের সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।**

এতদ্বারা ঢাকা মহানগরীর সংশ্লিষ্ট ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ভলিবল ফেডারেশনের ব্যবস্থাপনায় অনুষ্ঠিতব্য ঢাকা মহানগরী ২য় বিভাগ ভলিবল লীগে নতুন ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠান অন্তর্ভুক্তির লক্ষ্যে অনুষ্ঠিতব্য বাছাইপর্বে অংশগ্রহণের জন্য আবেদন দাখিলের পূর্বনির্ধারিত শেষ তারিখ ছিল ০১ অক্টোবর ২০২৬।

আগ্রহী ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের অনুরোধ ও আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ভলিবল ফেডারেশন কর্তৃপক্ষ আবেদন ও এন্ট্রি ফি জমাদানের সময়সীমা আগামী ০৬ অক্টোবর ২০২৬ তারিখ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

অতএব, ঢাকা মহানগরীর আগ্রহী ক্লাব/সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে বর্ধিত সময়সীমার মধ্যে পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তিতে (স্মারক ১০১.৫/(প্রশাঃ)/১১/২০২৬/পিসি-৩/১৭৩০৮৬৩, তারিখঃ ২২/০৯/২০২৬) উল্লেখিত সকল প্রয়োজনীয় নথিপত্রসহ বাছাইপর্বে অংশগ্রহণের আবেদন এবং নির্ধারিত **অফেরতযোগ্য =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা** এন্ট্রি ফি **'Bangladesh Volleyball Federation/বাংলাদেশ ভলিবল ফেডারেশন' এর নামে ব্যাংক চেক অথবা পে-অর্ডার এর মাধ্যমে** জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

পূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তিতে বর্ণিত অন্যান্য সকল শর্ত ও নিয়মাবলী অপরিবর্তিত থাকবে।

ধন্যবাদান্তে,

মোঃ আব্দুল মুমিন সাদ্দাম
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ভলিবল ফেডারেশন
মোবাইল : ০১৭১৭০১৮৬৮০।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সভাপতি, বাংলাদেশ ভলিবল ফেডারেশন।
২। সহ-সভাপতিবৃন্দ, বাংলাদেশ ভলিবল ফেডারেশন।
৩। সদস্যবৃন্দ, এ্যাডহক কমিটি (২০২৬), বাংলাদেশ ভলিবল ফেডারেশন।
৪। সদস্যবৃন্দ, ২য় বিভাগ ভলিবল লীগ কমিটি, বাংলাদেশ ভলিবল ফেডারেশন।
৫। সকল ইলেকট্রনিক, প্রিন্ট ও অনলাইন মিডিয়া – প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। এডমিন/ম্যানেজার, বাংলাদেশ ভলিবল ফেডারেশনের অফিসিয়াল ফেসবুক পেজ ও ওয়েবসাইট – প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো।
৭। সংশ্লিষ্ট সকল।
৮। নোটিশ বোর্ড, বাংলাদেশ ভলিবল ফেডারেশন।